

# কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ০৮-০৪-২০২৪

গত ৪ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (০৪-০৪-২০২৪ থেকে ০৭-০৪-২০২৪ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

## উক্ত সময়ের মধ্যে:

**০৪ এপ্রিল:** পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** নেই

**০৫ এপ্রিল:** গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পুরুলিয়া, বাঁকুড়া, হাওড়া জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** নেই

**০৬ এপ্রিল:** গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর, বীরভূম ও পশ্চিম বর্ধমান জেলার দুয়েক জায়গায় তাপপ্রবাহের পরিস্থিতি ছিল। পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** নেই

**০৭ এপ্রিল:** গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পশ্চিম বর্ধমান জেলার দুয়েক জায়গায় তাপপ্রবাহের পরিস্থিতি ছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব ও পশ্চিম বর্ধমান, নদীয়া, হুগলী জেলার কয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা জেলার দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** ব্যারাকপুর:৪

**আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ):** উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৬২ থেকে ৭৩ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৬২ থেকে ৮৩ শতাংশ।

**সর্বোচ্চ তাপমাত্রা :** উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বোচ্চ তাপমাত্রা পুরুলিয়া তে ০৫ ই এপ্রিল এবং বাঁকুড়া তে ০৬ ই এপ্রিল ৪১.৫ ডিগ্রি সেলসিয়াস ছিল।

### দিনের তাপমাত্রা

তারিখ	স্বাভাবিক	স্বাভাবিকের থেকে			
		২-৪ ডিগ্রি সেলসিয়াস কম	৫-৬ ডিগ্রি সেলসিয়াস কম	২-৪ ডিগ্রি সেলসিয়াস বেশী	৫-৬ ডিগ্রি সেলসিয়াস বেশী
	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম
০৪-০৪-২০২৪	কোচবিহার, বহরমপুর, কৃষ্ণনগর, মেদিনীপুর, আলিপুর, দীঘা	--	--	দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, মালদা, বালুরঘাট, দমদম, কাঁথি	--
০৫-০৪-২০২৪	জলপাইগুড়ি, কোচবিহার, বহরমপুর, কৃষ্ণনগর, আলিপুর, দীঘা	--	--	দার্জিলিং, কালিম্পং, মালদা, বালুরঘাট, মেদিনীপুর, দমদম, কাঁথি	--

০৬-০৪-২০২৪	কালিম্পং, বহরমপুর, কৃষ্ণনগর, আলিপুর, দীঘা	--	--	জলপাইগুড়ি, কোচবিহার, মালদা, বালুরঘাট, দমদম, কাঁথি	দার্জিলিং
০৭-০৪-২০২৪	মালদা, বালুরঘাট, কাঁথি	বহরমপুর, কৃষ্ণনগর, দীঘা	আলিপুর, দমদম	কালিম্পং, কোচবিহার	দার্জিলিং, জলপাইগুড়ি

### পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

#### ০৮ এপ্রিল (দিন ১) -

পশ্চিমবঙ্গের সব জেলাগুলোর কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ২৪ ঘন্টা, দিনের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না; পরবর্তী ৩ দিন, দিনের তাপমাত্রা ৩-৫ ডিগ্রী সেলসিয়াস বাড়বে।

#### ০৯ এপ্রিল (দিন ২)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ঝাড়গ্রাম, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

### ১০ এপ্রিল (দিন ৩) -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ঝাড়গ্রাম, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া এবং উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

### সতর্কীকরণ:

### ০৮ এপ্রিল (দিন ১) -

পশ্চিমবঙ্গের জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাত তৎসহ ঝোড়ো হাওয়া (গতিবেগ ৩০-৪০ কিমি প্রতি ঘন্টা) বয়ে যাবার সম্ভাবনা আছে।

### ০৯ এপ্রিল (দিন ২)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, জলপাইগুড়ি জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

### ১০ এপ্রিল (দিন ৩) -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

পরবর্তী ২ দিনের অনুমান: সামান্য পরিবর্তন হবে।

স্বাক্ষরিত  
১০ এপ্রিল ২০১০

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র , আলিপুর, কলকাতা-২৭

০৮-০৪-২০২৪